



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

## ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে মাহে রমজানকে স্বাগত জানিয়ে র্যালি ও সমাবেশ দেশবাসীকে মাহেরমজানের পবিত্রতা রক্ষার আহ্বানধর্ম প্রতিমন্ত্রীর

ঢাকা, সোমবার, ৬ মে ২০১৯ ॥

ধর্ম প্রতিমন্ত্রী এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ দেশবাসীকে মাহে রমযানের পবিত্রতা রক্ষার আহ্বান জানিয়েছেন। তিনি আজ (৬ মে) সকালে ১৪৪০ হিজরি সনের আসন্ন মাহে রমযানের পবিত্রতা রক্ষায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত র্যালি ও সমাবেশে এ আহ্বান জানান। র্যালি পূর্ব সংক্ষিপ্ত সমাবেশে ধর্ম প্রতিমন্ত্রী খাদ্যে ভেজাল মেশানো ও দ্রব্যমূল্য বৃদ্ধি করা থেকে বিরত থাকার জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। আজ সকাল ১০.০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেট থেকে র্যালি শুরু হয়ে জিপিও, সচিবালয় হয়ে জাতীয় প্রেস ক্লাবে শেষ হয়।

ধর্ম প্রতিমন্ত্রী এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ-এর নেতৃত্বে অনুষ্ঠিত র্যালিতে অন্যান্যের মধ্যে ভারপ্রাপ্ত ধর্মসচিব কাজী হাসান আহমেদ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোয়াজ্জেম হোসেন, যুগ্মসচিব মু. আ. হামিদ জমাদ্দার, যুগ্মসচিব জহির আহমদ ও ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নূরুল ইসলাম ও ইসলামিক ফাউন্ডেশনের পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এবং ৩সহস্রাধিক আলেম-ওলামা ও খতিব-ইমাম প্লাকার্ড ও ফেস্টুন হাতে র্যালি ও সমাবেশে অংশগ্রহণ করেন।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক,

জনসংযোগ ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২